# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

---

প্রশ্নঃ (৭০) আল্লাহর শান তথা মর্যাদা সবার উপরে- এর দলীল কি? আল্লাহ্ তা'আলাকে কোন্ কোন্ জিনিষ হতে পাক ও পবিত্র বিশ্বাস করতে হবে?

উত্তরঃ মনে রাখা উচিৎ যে, আল্লাহ্ তা'আলার এই নামগুলো যেমন قُدُّوس – কুদ্দুস, سَلَام – সালাম, الكبير আল-কাবীর, المتعال – আল-মুতাআল এবং এ অর্থে অন্যান্য যত নাম আছে ও তার সমস্ত পরিপূর্ণ গুণ তাঁর উচ্চ মর্যাদার প্রমাণ বহন করে।

সুতরাং আল্লাহর পরিপূর্ণ রাজত্বের মধ্যে অন্য কারো কোন অংশ নেই, আল্লাহর কোন সাহায্যকারী নেই বা তাঁর অনুমতি ব্যতীত তাঁর নিকট কোন সুপারিশকারী অথবা তাঁর বিরুদ্ধে আশ্রয় দাতা নেই।

তাঁর মহত্ম, মহিমা, রাজত্ব ও প্রতাপ সমুচ্চ। সুতরাং তাঁর কোন বিরোধী নেই, তাঁকে পরাজিত করার বা তাঁর উপর বিজয়লাভকারী কেউ নেই এবং তিনি দুর্দশাগ্রস্ত নন, যে কারণে তাঁর কোন সাহায্যকারীর প্রয়োজন হতে পারে।

তিনি কাউকে সঙ্গিনী, সন্তান, পিতা, সাদৃশ্য ও সমকক্ষ হিসাবে গ্রহণ করার অনেক উর্ধে ও পবিত্র এবং এ সব হতে সম্পূর্ণ অমুখাপেক্ষী ।

পরিপূর্ণতায় তিনি সমুন্নত, তাঁর হায়াত পরিপূর্ণ, তিনি চিরন্তন এবং তাঁর ক্ষমতা সকলের উর্ধে। তিনি মৃত্যু, নিদ্রা, তন্দ্রা, ক্লান্তি এবং অপারগতা থেকে সম্পূর্ণ পবিত্র।

তাঁর পরিপূর্ণ জ্ঞান গাফিলতী ও ভ্রান্তি থেকে সম্পূর্ণ মুক্ত। আসমান ও যমীনে একটি সরিষার দানা পরিমাণ জিনিষও তাঁর জ্ঞানের বাইরে নয়।

তাঁর বিচক্ষণতা পরিপূর্ণ ও প্রশংসনীয়। অযথা কোন জিনিষ সৃষ্টি করা এবং সৃষ্টিকে আদেশ-নিষেধ, পুনরুত্থান ও প্রতিদান দেয়া ব্যতীত ছেড়ে দেয়া থেকেও তিনি পবিত্র।

তাঁর ইনসাফ পরিপূর্ণ। তিনি কাউকে বিন্দু পরিমাণ যুলুম করা ও কারো নেকী থেকে সামান্য পরিমাণ কমানো থেকেও পবিত্র। তিনি সম্পূর্ণ অমুখাপেক্ষী। তিনি পানাহার থেকে সম্পূর্ণ পবিত্র। কোন বিষয়ে অপরের প্রতি মুখাপেক্ষী হওয়া থেকেও পবিত্র।

তিনি নিজেকে যেসমস্ত গুণে গুণান্বিত করেছেন বা তাঁর রাসূল তাঁকে যেসমস্ত গুণে গুণান্বিত করেছেন, তার উপমা পেশ করা ও তা বাতিল করা হতে তিনি সম্পূর্ণ পবিত্র।

তিনি পবিত্র, ক্ষমতাবান, সম্মানিত, বরকতময়, ও সমুন্নত। তাঁর এবাদত, প্রভুত্ব ও সুন্দর নাম ও মহা গুণাবলীর সাথে অসামঞ্জস্যপূর্ণ সকল বস্তু হতে মুক্ত। আল্লাহ্ তাআলা বলেনঃ

وَلَهُ الْمَثَلُ الْأَعْلَى فِي السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَهُوَ الْعَزِيزُ الْحَكِيمُ

“আকাশ ও পৃথিবীতে তাঁরই জন্যে রয়েছে সুমহান দৃষ্টান্ত এবং তিনিই পরাক্রমশালী ও প্রজ্ঞাময়”। (সূরা রূমঃ ২৭) মোটকথা উপরোক্ত বিষয়ে কুরআন ও হাদীছের দলীলসমূহ সকলেরই জ্ঞাত এবং তার সংখ্যা অপরিসীম।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11884

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন